



# CHICAGO BIOSCOPE

a digital film & video production company

**FARHAD HOSSAIN**

Screenwriter, Director, Executive Producer  
773-575-4296 (Chicago) 972-303-7673 (Dallas)

farhad@chicagobioscope.com

## আমেরিকার ডালাস নগরীতে চিত্রায়িত হলো ধারাবাহিক নাটক 'যোজন যোজন দুর'

অভিনয়েঃ পিযুষ বন্দোপাধ্যায়, শহীদুজ্জামান সেলিম, নাদের চৌধুরী, সালমা রোজী



যোজন যোজন দুর নাটকের একটি বিশেষ দৃশ্যে পিযুষ বন্দোপাধ্যায় ও হাদিতা

সম্প্রতি উত্তর আমেরিকার ডালাস নগরীতে প্রবাসী নাট্যকার, নির্মাতা ফরহাদ হোসেনের কাহিনী, চিত্রনাট্য ও সংলাপ নিয়ে আরো একটি ধারাবাহিক নাটকের চিত্রায়ন শেষ হলো। নাটকের নাম 'যোজন যোজন দুর' ইংরেজী টাইটেল 'ফার ফার এওয়ে'। পরিচালনা করেছেন শহীদুজ্জামান সেলিম। এটি নিয়ে ফরহাদের ৭টি নাটক, টেলিফিল্ম ও ধারাবাহিকের পরিচালনায় থাকলেন বাংলাদেশের টিভি নাটকের প্রখ্যাত এই অভিনেতা পরিচালক। 'যোজন যোজন দুর' ফরহাদের দ্বিতীয় ধারাবাহিক। নাটকটি যৌথভাবে প্রযোজনা করেছেন ডালাসের বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব শাহ জুলফিকার এবং ফরহাদ হোসেন।

আমেরিকায় বসবাসকারী কিছু বাংলাদেশী ইমিগ্রান্টদের জীবনের ঘটনা নিয়ে নির্মিত এই ধারাবাহিকের প্রধান তিনটি পুরুষ চরিত্রে অভিনয় করেন কিংবদন্তী অভিনেতা পিযুষ বন্দোপাধ্যায় ও প্রথিতযশা শহীদুজ্জামান সেলিম এবং নাদের চৌধুরী। প্রধান দুটি নারী চরিত্রে অভিনয় করেছেন প্রবাসী অভিনেত্রী সালমা রোজী এবং রুৎবা হাসান।

এছাড়া অন্যান্য চরিত্রে অভিনয় করেছেন বিশিষ্ট অভিনেত্রী দিলারা জামানের মেয়ে ওক্লাহোমায় বসবাসকারী প্রীতু সেইসাথে ডালাসের জুলফিকার শাহ, রুম্মী হক, সাবের হোসেন, মাসুদ চৌধুরী, তানিয়া, রাফিয়া, ফ্লেগারা, অনিক, ওয়ালিদ, লরা ও জেসমিন সহ আরো অনেকে। এছাড়া শিশু শিল্পী হাদিতা ও জয়েস এবং একটি বিশেষ চরিত্রে অভিনয় করেছেন ২০০৪ সনের মিস আলাবামা খেতাব অর্জনকারীনি ও মিস আমেরিকা শীর্ষ দশের মডেল টারা ডারবি। এখানে উল্লেখ্য টেক্সাসের একটি লাইফস্টাইল টিভিশোর উপস্থাপিকা টারা ডারবি ইতি পূর্বে ফিয়ার ফ্যান্টার টাইটেল অর্জন করেন এবং ল্যারি কিং লাইভ-এ অংশগ্রহণ করেন। স্প্যানিশ অভিনেত্রী জেনিফার নুনো ও মূলধারার অভিনেতা ক্রিস এন্ড্রুসও একটি বিশেষ চরিত্রে অভিনয় করেন ধারাবাহিক নাটক যোজন যোজন দুরে।



যোজন যোজন দুর নাটকের একটি বিশেষ দৃশ্যে শহীদুজ্জামান সেলিম ও টারা ডারবি



# CHICAGO BIOSCOPE

a digital film & video production company

**FARHAD HOSSAIN**

Screenwriter, Director, Executive Producer  
773-575-4296 (Chicago) 972-303-7673 (Dallas)  
farhad@chicagobioscope.com



যোজন যোজন দূর নাটকের একটি বিশেষ দৃশ্যে পিয়ুষ বন্দোপাধ্যায় ও সালমা রোজী

আমেরিকায় বসবাসকারী বাংলাদেশীদের বিভিন্ন ধরনের কিছু চলমান সমস্যাকে নাটকের বিষয়বস্তু হিসেবে বেছে নিয়েছেন নাট্যকার ফরহাদ হোসেন। চমৎকার কিছু সত্যি ঘটনাকে নিয়ে নাটকের কাহিনী বিন্যাস করেছেন তিনি। এপ্রসঙ্গে নাট্যকার ফরহাদ বলেন, ‘যোজন যোজন দূর মূলত আমাদের চারিপাশে প্রতিনিয়ত চলমান কিছু ঘটনার প্রতিচ্ছবি। জীবনের বাস্তবতায় এখানে স্বামী-স্ত্রীর মধ্যে যে বিভেদ, দূরত্ব এবং বিচ্ছেদের সৃষ্টি হয় এবং বাবা-মায়ের এই দূরত্বের কারণে ছোট ছেলেমেয়েদের উপর এর যে প্রভাব পড়ে সেটাই এ নাটকের মূল বিষয়।’ কাহিনীর প্রয়োজনে নাটকটিতে ইমিগ্রেশন সমস্যা, কমিউনিটি পলিটিক্স, প্রতারণা, সাংস্কৃতিক বৈষম্য তুলে ধরা হয়েছে।

হাই ডেফিনিশন ফরম্যাটে নির্মিত যোজন যোজন দূরের ক্রু টিমে ছিলেন, চিত্রগ্রহণ- কেভিন কেলার ও ব্লেক ম্যাকনে, গ্যাফার- চ্যাড মরিশে ও ইমরান আলী, কিথ্রীপ- রব ম্যাকগ্রীভি ও এডি হেন্ডেরসন, সাউন্ড রেকর্ডিং- রবার্ট চাকুমা, ক্র্যাফট সার্ভিস- লিসা মল ও মো আসবাব তনু, প্রডাকশন ম্যানেজমেন্ট, কাষ্টিং ও সহ-পরিচালনায় ফরহাদ হোসেন। সার্বিক সহযোগিতায়- হাসমত মোবিন, আবদুল মতিন, জাজেব, রেহান রেজা, রহিম খন্দকার, আহমেদ সানি, টিপু ও আরো অনেকে। কারিগরি সহযোগিতায় শিকাগো বায়োস্কোপ, পোস্ট প্রডাকশনে ড্রিম ফ্যাক্টরী। সম্পাদনা ও আবহসঙ্গীত সংযোজন শেষে ধারাবাহিকটি বাংলাদেশের যে কোন একটি স্যাটেলাইট চ্যানেলে জমা দেয়া হবে প্রচারের জন্যে।



যোজন যোজন দূর নাটকের একটি বিশেষ দৃশ্যে সালমা রোজী ও নাদের চৌধুরী

Thank you and best regards,  
Farhad Hossain  
(773) 575-4296  
[farhad@chicagobioscope.com](mailto:farhad@chicagobioscope.com)